তারিখ 26 NOV. 1987
পৃষ্ঠা 9 কলাম 7

দৈনিক সংবাদ

02

ঢাকা । বৃহস্পতিবার, ৯ই অগ্রহায়ণ, ১৩৯৪

# ফেনী সরকারী টিটি কলেজে শিক্ষার পরিবেশ নেই

ফেনী, ২৩শে নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।—দীর্ঘদিন থেকে ফেনী সরকারী টিটি কলেজের অভ্যন্তরে নানা অব্যবস্থার কারণে শিক্ষার পরিবেশ নেই।

মাধ্যমিক শিক্ষকদের প্রশিক্ষণের দায়িত্বে নিয়োজিত এই টিটি কলেজের ৩১ জন শিক্ষকের মধ্যে বর্তমানে শিক্ষক আছেন মাত্র ৮ জন। এমনকি গুরুত্বপূর্ণ বিষয় ইংরেজী, অংক, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি ও ইসলামিয়াত বিভাগে কোন শিক্ষকই নেই।

প্রায় দু'বছর যাবৎ এই গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যক্ষের পদটি শূন্য পড়ে রয়েছে।

নিয়মিত আবাসিক কলেজ হওয়া সত্ত্বেও ছাত্রছাত্রীদের সংখ্যানুপাতে ছাত্রাবাসসহ অন্যান্য সুযোগ নেই। এ বছর কলেজে যেখানে ২৫০ জন ছাত্রছাত্রী লেখাপড়া করছে সেখানে হোষ্টেলে সীট আছে মাত্র ৭২টি। ৪২ জন ছাত্রীর জন্য ছাত্রীবাসের সীটসংখ্যা মাত্র ২৪। কলেজের হোষ্টেলটি ষাটের দশকে নির্মিত হওয়ার পর আজ পর্যন্ত কোন রকম মেরামত না করার ফলে বসবাসের অযোগ্য হয়ে পড়েছে, সে সঙ্গে নষ্ট হয়ে গেছে শোয়ার চৌকি থেকে শুরু করে প্রতিটি আসবাবপত্র। কয়েক স্থানে ছাত্রাবাস ধসে পড়ার কারণে অনেক ছাত্রকে ছাত্রাবাস ত্যাগ করতে হয়েছে। কলেজে ছাত্রাবাস, ছাত্রী মিলনায়তন এবং খেলাধূলার কোন ব্যবস্থা নেই। বহুকাল আগের নির্মিত অডিটরিয়ামটি অযত্নে পড়ে আছে ভাঙ্গাচোরা অবস্থায়। কলেজের নিজস্ব খেলার মাঠ না থাকায় এবং প্রয়োজনীয় খেলার সামগ্রী না থাকায় খেলাধূলার ক্ষেত্রেও এর কোন ভূমিকা নেই। এ কলেজের টিচার্স রুমে কোন টয়লেটের ব্যবস্থা নেই। কলেজের মূল ভবন নির্মাণের পর ঠিকাদার বিদ্যুৎ সংযোগ দেয়ার ব্যবস্থা না করেই বিল উঠিয়ে নিয়ে গেছে।

কলেজের প্রশাসনিক বিভাগের সঙ্কটও এখানে তীব্রতর। হিসাবরক্ষক, টাইপিষ্ট, বিদ্যুৎ মেকানিক, ক্যাশিয়ার, গবেষণা সহকারী লাইব্রেরিয়ান প্রভৃতি পদ শূন্য রয়েছে। কলেজের লাইব্রেরীর মূল্যবান অনেক বই এখন আর খুঁজে পাওয়া যাচ্ছে না। এমন কি নতুন বইও কেনা হচ্ছে না।